ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

'শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ'

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/ছাত্র/নিয়োগ/সুবিধা/১৪৯/২০১৭/১৮৬ তারিখ ঃ ২৪/০১/২০২১খ্রিঃ।

বরাবর,

পরিচালক
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।

বিষয়ঃ সম্প্রতি Online-এ প্রকাশিত বাংলাদেশ নৌবাহিনী নিয়োগ বিজ্ঞপ্তিতে সরাসরি কমিশন্ড অফিসার পদে ২০২১-বি ডিইও ব্যাচে নিয়োগের ক্ষেত্রে DUET হতে ডিগ্রীপ্রাপ্ত গ্র্যাজুয়েট প্রকৌশলীদের আবেদনের সুযোগ রাখা প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি Online-এ প্রকাশিত বাংলাদেশ নৌবাহিনীর নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতার শর্ত মোতাবেক DUET হতে ডিগ্রীপ্রাপ্ত গ্র্যাজুয়েট প্রকৌশলীরা আবেদন করার সুযোগ পাচ্ছে না। **কারণ DUET এ বিএসসি ইঞ্জিনিয়ারিং/বি. আর্ক প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে Pre-requisite qualification হিসেবে এসএসসি ও এইচএসসি এর পরিবর্তে এসএসসি ও ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/এগ্রিকালচার এর সনদ প্রয়োজন হয়।**

উক্ত বিজ্ঞপ্তিতে সরাসরি কমিশন্ড অফিসার পদে ২০২১-বি ডিইও ব্যাচে জনবল নিয়োগের লক্ষ্যে আবেদনের ক্ষেত্রে নিম্নরূপভাবে শুধুমাত্র এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ ৪.৫০ সহ নিম্নবর্ণিত বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিং- এ কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত (৪.০০ এর মধ্যে) ডিগ্রীধারীদের আবেদনের সুযোগ রাখা হয়েছে, ফলশ্রুতিতে ডুয়েট হতে ডিগ্রী প্রাপ্ত মেধাবী শিক্ষার্থীরা আবেদন করার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে, যা ডুয়েট এর মত স্বনামধন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য অত্যন্ত বিব্রতকর এবং হতাশাব্যাঞ্জক।

১(খ) ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল শাখা- পুরুষঃ (১) নেভাল আর্কিটেকচার/মেকানিক্যাল/ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং।

২। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর সরকারের রাজস্ব খাতের অর্থায়নে পরিচালিত একটি পাবলিক বিশ্ববিদ্যালয়। ১৯৮০ সালে প্রতিষ্ঠানটি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে যাত্রা শুরু করে। এ সময় বুয়েটের বাইরে চারটি ইঞ্জিনিয়ারিং কলেজ, যথা- ঢাকা ইঞ্জিনিয়ারিং কলেজ, রাজশাহী ইঞ্জিনিয়ারিং কলেজ, চট্টগ্রাম ইঞ্জিনিয়ারিং কলেজ ও খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজে ছাত্ররা বিএসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে পড়াশুনা করতো। পরবর্তিতে ১৯৮৬ সালে এক অর্ডিনেন্স এর মাধ্যমে এ চারটি ইঞ্জিনিয়ারিং কলেজ-কে একই সাথে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে বিআইটি-তে রূপান্তর করা হয় এবং তৎপরবর্তিতে ২০০৩ সালে এ চারটি বিআইটি-কে একই সাথে আলাদা আলাদা আইনের মাধ্যমে পূর্ণাঙ্গ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হয়।

৩। অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের অধীন বিভাগসমূহে বিএসসি ইঞ্জিনিয়ারিং/বি. আর্ক প্রোগ্রামে নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের প্রতিযোগিতামূলক ভর্তি পরীক্ষার মাধ্যমে মেধার ভিত্তিতে ভর্তি করা হয়।

ক) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর অথবা ৫ এর স্কেলে কমপক্ষে GPA ৩.০০ (ঐচ্ছিক বিষয়সহ) পেয়ে উত্তীর্ণ হতে হবে।
খ) প্রার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/এগ্রিকালচার এ গড়ে কমপক্ষে ৬০% নম্বর অথবা ৪ এর স্কেলে কমপক্ষে CGPA ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

৪। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) এর অধিক। বিশ্ববিদ্যালয়ে স্নাতক শিক্ষা কার্যক্রমের পাশাপাশি স্নাতকোত্তর (মাস্টার্স ও পিএইচডি) প্রোগ্রাম চালু আছে। তাছাড়া এ বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীপ্রাপ্ত গ্র্যাজুয়েট প্রকৌশলীরা দেশে ও বিদেশে অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে দায়িত্ব পালন করছেন। তথ্য ও প্রযুক্তির ক্ষেত্রে দিন দিন DUET এর প্রসার ঘটছে এবং আন্তর্জাতিকভাবে বেশ খ্যাতি অর্জন করছে। এতদসত্ত্বেও আপনাদের প্রতিষ্ঠানে চাকুরীর নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতার শর্ত মোতাবেক DUET হতে ডিগ্রীপ্রাপ্ত গ্র্যাজুয়েট প্রকৌশলীদের আবেদন করার সুযোগ না থাকায় তারা সরাসরি কমিশন্ড অফিসার পদে ২০২১-বি ডিইও ব্যাচে জনবল নিয়োগের লক্ষ্যে আবেদন করার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

৫। বাংলাদেশ নৌবাহিনীর মত স্বনামধন্য বাহিনীতে যদি অত্র বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীপ্রাপ্ত গ্র্যাজুয়েট প্রকৌশলীদের নিয়োগের সুযোগ প্রদান না করা হয়, তবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অত্যন্ত হতাশায় নিমজ্জিত হবে। পাশাপাশি তথ্য ও প্রযুক্তির ক্ষেত্রে সরকারের অঙ্গীকার অনুযায়ী দেশের টেকসই উন্নয়ন অনেকাংশেই বাধা গ্রস্থ হবে।

৬। এই প্রেক্ষিতে বাস্তব অবস্থা বিবেচনায় অত্র বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীপ্রাপ্ত গ্র্যাজুয়েট প্রকৌশলীদের আবেদন করার সুযোগ রেখে আপনাদের বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতায় **এইচএসসি এর স্থলে এইচএসসি/ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/সমমানের** শিক্ষাগত যোগ্যতা অন্তর্ভূক্ত করে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

24.01.2021

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ ঃ ২৪/০১/২০২১খ্রিঃ।

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/ছাত্র/নিয়োগ/সুবিধা/১৪৯/২০১৭/১৮৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ-
(তালিকা জেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ইউজিসি ভবন, প্লট # ই-১৮-এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি, আইইবি সদর দপ্তর, রমনা, ঢাকা।
৪। সকল - ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/শাখা প্রধান।
৫। পরিচালক (ছাত্র কল্যাণ)।
৬। পরিচালক, কম্পিউটার সেন্টার। (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহকারে)
৭। পাবলিকেশন-কাম-ইনফরমেশন অফিসার।
৮। সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ।
৯। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

(মোঃ মনিরুজ্জামান)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা